গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
শিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ২য় ব্লক, ২য় তলা, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
ওয়েবসাইট:www.dia.gov.bd

নং-৩৭.১৯.০০০০.০৬১.১১.০১০.২১-১৪৭২ তারিখঃ ১৪.১০/২০২৪ খ্রি:

# পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর- এর জন্য নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে http://dia.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| ক্র:নং: | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা.বে.স্কে,২০১৫ অনুযায়ী ) | বয়সসীমা | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অডিটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ১৮-৩৫ বৎসর | ০২ (দুই)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কাজে অভিজ্ঞতাসহ বাণিজ্য বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ১৮-৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৩ (তিন)টি | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(২) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(৩) সাঁটলিপি ইংরেজিতে সর্বনিম্ন গতি-৮০ শব্দ (প্রতি মিনিটে) ও বাংলায় সর্বনিম্ন গতি-৫০ শব্দ (প্রতি মিনিটে);<br>(৪) কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজিতে সর্বনিম্ন গতি ৩০ শব্দ (প্রতি মিনিটে) ও বাংলায় সর্বনিম্ন গতি ২৫ শব্দ (প্রতি মিনিটে);<br>(৫) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১৮-৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৬ (ছয়)টি | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(২) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(৩) কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজিতে সর্বনিম্ন গতি ৩০ শব্দ (প্রতি মিনিটে) ও বাংলায় সর্বনিম্ন গতি ২৫ শব্দ (প্রতি মিনিটে);<br>(৪) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১৮-৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ১০ (দশ)টি | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(২) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(৩) কম্পিউটার মুদ্রাক্ষর গতি বাংলায় ২০ শব্দ (প্রতি মিনিটে) ও ইংরেজি ২০ শব্দ (প্রতি মিনিটে);<br>(৪) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫। | হিসাব সহকারী কাম-ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১৮-৩০ বৎসর। | ০১ (এক)টি | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(২) হিসবারক্ষণ পদ্ধতি সম্পর্কে দক্ষতা থাকতে হবে। |
| ৬। | রেকর্ড কিপার | ১৮- ৩০ | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | বৎসর | | পরীক্ষায় উত্তীর্ণ। অফিসের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৭। | স্টোর কিপার টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১৮-৩০ বৎসর | ০১ (এক)টি | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। স্টোর কিপিং কাজে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে। |
| ৮। | গাড়ী চালক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১৮- ৩০ বৎসর | ০১ (এক)টি | ৮ম শ্রেণি পাসসহ ভারী এবং হালকা যানবাহন চালনার লাইসেন্স থাকতে হবে। |
| ৯। | ফটোকপি অপারেটর ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | ১৮- ৩০ বৎসর | ০১ (এক)টি | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যুন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) ডুপ্লিকেটিং মেশিন/ ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা; |
| ১০। | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৮- ৩০ বৎসর | ০৬ (ছয়টি)টি | ৮ম শ্রেণি পাস। |
| ১১। | নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৮- ৩০ বৎসর | ০১ (এক)টি | ৮ম শ্রেণি পাস। কাজের জন্য শারীরিকভাবে যোগ্য হতে হবে। ভাল চাকুরির রেকর্ডসহ অবসরপ্রাপ্ত সদস্যরা অগ্রাধিকার পাবেন। |

**<u>আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :</u>**

০১. (ক) ১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি: তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী এবং ৩য় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

(খ) অডিটর পদের আবেদনের ক্ষেত্রে সকল প্রার্থীদের বয়সসীমা ৩৫ বছর।

(গ) মুক্তিযোদ্ধা,শহিদ মুক্তিযোদ্ধা,বীরাঙ্গনার সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।

(ঘ) বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

০৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ২, ৩, ৪ ও ৮ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ১, ৫, ৬, ৭, ৯, ১০ ও ১১ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে।

০৫. মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের অবশ্যই **নিম্নবর্ণিত সনদসমূহের মুল কপি প্রদর্শনপূর্বক** অতিরিক্ত ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;

খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি;

ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

ঙ) বাংলাদেশের স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ;

চ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;

ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

জ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

০৬. ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

০৭. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের বিদ্যমান ও প্রচলিত বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি অনুসরণ করা হবে।

০৮. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে আবেদনপত্র/নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯. কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১২. Online ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৩. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. যে সকল প্রার্থী পূর্বে এ অধিদপ্তরের নং-৩৭.১৯.০০০০.০৬১.১১.০১০.২১.১১৪৬, তারিখ: ২১/০৫/২০২৩ অনুযায়ী ২৪/০৫/২০২৪ হতে ১৫/০৬/২০২৩ তারিখের মধ্যে আবেদন করেছেন, তাদের আর আবেদন করার প্রয়োজন নাই।

১৫. **Online এ আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

- Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ২৩/১০./২০২৪খ্রি: সকাল ১০:০০ টা।
- Online এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ৩১/১০/২০২৪খ্রি: রাত ১১:৫৯ মিনিট।

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৬. **Online এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী:**

ক) http://dia.teletalk.com.bd এই ওয়েবসাইটে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে পারবেন।

খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।.

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান** : Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি, এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পুর্ণ কালো/সম্পুর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রাথী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভূল তথ্য ও স্বাক্ষর থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে বিজ্ঞপ্তির ১ -৮ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য আবেদন ফি ২০০/- (দুইশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩.০০ টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩.০০ (দুইশত তেইশ) টাকা এবং ৯-১১ নং ক্রমিকে বর্ণিত প্রতিটি পদের জন্য ১০০/- (একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২.০০ (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

- **প্রথম SMS:**

DIA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DIA ABCDEF and send to 16222

Reply: Applicant's Name: Tk- 223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DIA<space>Yes<space>PIN and Send to 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS:**

DIA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DIA Yes 12345678

F:\জনবল নিয়োগ\নিয়োগ সংক্রান্ত সকল পত্র ২০২৩\নিয়োগ বিজ্ঞপ্তি\সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি.doc

Reply: Congratulations Applicant's Name. Payment Completed Successfully for dia Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dia.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS- এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: DIA<space>Help<space>User<space>User ID & Send to 16222

Example: DIA Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে: DIA<space>Help<space>PIN<space>PIN No & send to 16222,

Example: DIA Help PIN 1234567 & send to 16222

ঝ) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়ের নিয়োগ পরীক্ষা ২০২৩ এর বিজ্ঞপ্তি, Online এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://dia.teletalk.com.bd এবং www.dia.gov.bd এ পাওয়া যাবে।

ঞ) Online এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং director@dia.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। অথবা টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (mail/মেসেজ এর subject এ Organization Name: "DIA", Post name:...., Applicant's User ID ও Contract Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়ের** নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.dia.gov.bd বা http://dia.teletalk.com.bd দেখা যাবে অথবা http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য উল্লিখিত ওয়েবসাইটের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে Online আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৭. Online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

14.10.24

(মো: আবুয়াল কায়সার)
যুগ্ম পরিচালক
ও
সভাপতি
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা